

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ৩০, ২০১০

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৩০শে জুন, ২০১০/১৬ই আষাঢ়, ১৪১৭

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৩০শে জুন, ২০১০ (১৬ই আষাঢ়, ১৪১৭) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

২০১০ সনের ৩২ নং আইন

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর সংশোধনকল্পে  
প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৩ মে, ২০১০ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

( ৬৫৩৭ )

মূল্য ঃ টাকা ২.০০

২। ২০০৬ সনের ৪২ নং আইনের ধারা ২৮ এর সংশোধন।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ২৮ এর উপ-ধারা (১) এ উল্লিখিত “৫৭ (সাতান্ন)” সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে “৬০ (ষাট)” সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

৩। রহিতকরণ ও হেফাজত।—(১) বাংলাদেশ শ্রম (সংশোধন) অধ্যাদেশ, ২০১০ (২০১০ সনের ৩ নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, রহিতকৃত অধ্যাদেশের অধীন কৃত সকল কাজ-কর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীনে কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

আশফাক হামিদ  
সচিব।